

হাবিপ্রবিতে বিদ্যুৎ ও জ্বালানির প্রায়োগিক গবেষণা বিষয়ক সেমিনার



বিদ্যুৎ ও জ্বালানি ক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও সে প্রযুক্তি ছড়িয়ে দিয়ে দেশের অর্থনীতির এই বেগবান ও কর্মচাঞ্চল্যের ধারাকে ধরে রাখতে ২০১৫ সালে বিইপিআরসি এর যাত্রা শুরু হয়। সোমবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়াম-২ এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) এর চেয়ারম্যান (সচিব) সত্যজিৎ কর্মকার।

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) এর সহায়তায় ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ এর আয়োজন করে।

সেমিনারে হাবিপ্রবির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম. কামরুজ্জামান এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন হাবিপ্রবির ট্রেজারার প্রফেসর ড. বিধান চন্দ্র হালদার, সিএসই অনুষদের ডীন প্রফেসর ড. মাহাবুব হোসেন। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন, ইইই বিভাগের চেয়ারম্যান ড. মো. জামিল সুলতান।

টেকনিক্যাল সেশনে প্রধান বক্তা ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এর ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মো. শামসুল আলম, টেকনিক্যাল সেশনে বক্তা ছিলেন স্রেডা, বিদ্যুৎ বিভাগের সহকারি পরিচালক মো. রাশেদুল আলম, ইইই বিভাগের চেয়ারম্যান ড. মো. জামিল সুলতান ও রুয়েট এর ইইই বিভাগের প্রফেসর ড. মো. ফারুক হোসেন।

সেমিনারে আরও উপস্থিত ছিলেন হাবিপ্রবির বিভিন্ন অনুষদের ডীন, চেয়ারম্যান, রেজিস্ট্রার, হল সুপার, প্রক্টর, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক, বিভিন্ন শাখার পরিচালক, এডিসি (আইসিটি ও শিক্ষা) দিনাজপুর, নেসকো ও পল্লী বিদ্যুৎ এর কর্মকর্তাবৃন্দ, অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাবৃন্দসহ ইইই বিভাগের শিক্ষার্থীবৃন্দ।